



এমবিবিএসে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

প্রকাশিত: ১২ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে শুক্রবার সারাদেশে একযোগে সরকারী ও বেসরকারী মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা নিয়ে কোন ধরনের অভিযোগ পাওয়া যায়নি বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ পরীক্ষা হয়। সারাদেশে ৩৬টি সরকারী মেডিক্যাল কলেজ ও ৭০টি বেসরকারী মেডিক্যাল কলেজে ১০ হাজার ২৩৯টি আসনে মোট ৭২ হাজার ৯২৮ আবেদনকারী রয়েছেন। তাদের মধ্যে ৩৪ হাজার ৮০৯ পুরুষ ও ৩৮ হাজার ১১৯ নারী রয়েছেন। মুক্তিযোদ্ধা কোটায় ৮০০, ‘ও’ এবং ‘এ’ লেভেলের ২১৮ আবেদনকারী পরীক্ষায় নেন।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ জনকণ্ঠকে জানান, মেডিক্যাল ভর্তি পরীক্ষায় মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি, ব্লুটুথ ডিভাইসসহ সকল প্রকার ইলেক্ট্রনিক্স উপকরণ নিষিদ্ধ ছিল। সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা নিয়ে কোন অভিযোগ ওঠেনি। আগামী এক সপ্তাহের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তিনি আরও বলেন, নতুন পদ্ধতির প্রশ্নপত্র (দুই পৃষ্ঠায় প্রশ্নপত্র ও উত্তর) নিয়ে কিছুটা দুশ্চিন্তায় থাকলেও দেশের কোন কেন্দ্র থেকে পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে কোন ধরনের অভিযোগ পাওয়া যায়নি। আগে থেকেই স্বাস্থ্য অধিদফতরের নিজস্ব সোর্স, আইনশৃঙ্খলা বাহিনী ও গণমাধ্যম কোথাও প্রশ্নপত্র ফাঁসের গুজব ও নকল প্রশ্নপত্রের কথা শোনা যায় কিনা সে সম্পর্কে সতর্ক দৃষ্টি ও খোঁজখবর রাখছিলাম। কিন্তু কোথাও প্রশ্নপত্র ফাঁস বা নকল প্রশ্নপত্র পাওয়ার খবর পাওয়া যায়নি। স্বাস্থ্য অধিদফতর জানায়, দেশের ১৯টি কেন্দ্রের (১৮টি মেডিক্যাল কলেজ ও একটি ডেন্টাল কলেজ) ৩২টি ভেন্যুতে ৮৯৬টি হলে একযোগে সরকারী ও বেসরকারী মেডিক্যাল কলেজের এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এক ঘণ্টার এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com